

২০১২

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-১

পাঠমালা-২

Course No. BNG—102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। 'গৌড়-বঙ্গ'—দেশ নামের পর্যালোচনা করো। ৮

অথবা

অস্ত্য-মধ্যযুগের বাঙালী সমাজ ও সংস্কৃতির পরিচয় দাও। ৮

২। বাউল-দর্শন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। প্রসঙ্গত রবীন্দ্রনাথের বাউল ভাবনার পরিচয় দাও। ৪+৪

অথবা

শাক্তদর্শনের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে মধ্যযুগের বাংলা সাহিত্যের যে-কোনো একজন কবির শাক্তদর্শন-ভাবনার পরিচয় দাও। ৪+৪

- ৩। দেবী চন্দ্রীর উৎস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। চণ্ডীমঙ্গল কাব্য ধারায় কবি কঙ্কন মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব পর্যালোচনা করো। ৩+৫

অথবা

ধর্মঠাকুরের পূজা বহু প্রাচীন কাল থেকে প্রচলিত হলেও ধর্মমঙ্গলকাব্য সপ্তদশ শতাব্দীর পূর্বে রচিত হয়নি কেন? ধর্মমঙ্গলের কবি হিসেবে ঘনরামের কৃতিত্ব বিচার করো।

- ৪। মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির রাষ্ট্রনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষিত আলোচনা করো। ৮

অথবা

“এই বাংলা মহাকাব্যে কবি বাঙ্গালীর সময়ের সামাজিক আদর্শ রক্ষিত হয় নাই। ইহার মধ্যে প্রাচীন বাঙালী সমাজই আপনাকে ব্যক্ত করিয়াছে”—কৃষ্ণিবাসী রামায়ণ সম্পর্কে এই মন্তব্যের যথার্থ্য বিচার করো। ৮

- ৫। ‘শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান!’—বৈষ্ণব পদাবলী সম্পর্কে এই ভাষ্যের তাৎপর্য ব্যাখ্যা করো। ৮

অথবা

চণ্ডীদাসের পদে তাঁর কবিসত্তার চেয়ে বড় হয়ে উঠেছে সাধক সত্তা—আলোচনা করো। ৮